

ছিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট

ব্যাংকসমূহে স্কুল ব্যাংকিং কার্যক্রম এর মার্চ ৩১, ২০১৪ ভিত্তিক হালনাগাদ প্রতিবেদন

স্কুল ছাত্র/ছাত্রীদেরকে ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে পরিচিত করা এবং সঞ্চয়ের মাধ্যমে কোমলমতি ছাত্র-ছাত্রীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে দেশের আর্থিক সেবাতুলি বৃদ্ধির লক্ষ্যে বিশেষ গুরুত্বের সাথে স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য নভেম্বর ০২, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে সকল তফসিলী ব্যাংককে পরামর্শ দেয়া হয়েছিল। এরই ধারাবাহিকতায় ব্যাংকগুলো ছাত্র/ছাত্রীদের জন্য আকর্ষণীয় মুনাফা সহ বিভিন্ন স্কীম চালুর মাধ্যমে স্কুল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করেছে। জুন ৩০, ২০১৩ পর্যন্ত ব্যাংকগুলোর স্কুল ব্যাংকিং কার্যক্রমের তথ্যাদি যান্মাসিক ভিত্তিতে সংগ্রহ করা হতো। জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ তারিখঃ অক্টোবর ২৮, ২০১৩ এর মাধ্যমে ব্যাংকগুলোকে হতে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করার নির্দেশনা দেয়া হয়। ব্যাংকগুলো হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্যাদির তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলোঃ

ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক এবং মার্চ ৩১, ২০১৪ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের তথ্যঃ

ব্যাংকসমূহ	ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক হিসাব সংখ্যা	মার্চ ৩১, ২০১৪ ভিত্তিক হিসাব সংখ্যা	হিসাব সংখ্যা হ্রাস/বৃদ্ধি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (০৪টি)	২৭১৫৬	৬৮৩৩৪	৪১১৭৮
বিশেষায়িত ব্যাংক (০৪টি)	৩২৯৮৩	৫১৪৫৮	১৮৪৭৫
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৩০টি)	২৩৫১৬১	২৪৫৭০৬	১০৫৪৫
বিদেশী ব্যাংক (০৯টি)	৪৯৫	৬৭২	১৭৭
২০১৩ সালে তফসিলভুক্ত ব্যাংক (০৯টি)	৭	৮৪	৭৭
সর্বমোট (৫৬টি ব্যাংক)	২,৯৫,৮০২	৩,৬৬,২৫৪	৭০,৪৫২

বিশ্লেষণঃ স্কুল ব্যাংকিং এর আওতায় ডিসেম্বর ৩১, ২০১৩ তারিখ পর্যন্ত মোট ৫৬টি ব্যাংকের মধ্যে (নতুন ০৯টি তফসিলী ব্যাংকসহ) ৪৭টি ব্যাংকে রক্ষিত মোট হিসাবের সংখ্যা ছিল ২.৯৬ লক্ষ। অন্যদিকে, মার্চ ৩১, ২০১৪ তারিখ পর্যন্ত ৪৮টি ব্যাংকে মোট হিসাবের সংখ্যা ৭০.৪৫২ (সত্তর হাজার চারশত বায়ান্ন) বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে প্রায় ৩.৬৭ লক্ষ। উল্লেখ্য, নতুন ০৯টি ব্যাংকের মধ্যে মেঘনা ব্যাংক লিঃ এবং এনআরবি ব্যাংক লিঃ স্কুল ব্যাংকিং এর আওতায় হিসাব খুলেছে।

ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক এবং মার্চ ৩১, ২০১৪ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা হিসাবে টাকার স্থিতির তথ্যঃ

ব্যাংকসমূহ	ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	মার্চ ৩১, ২০১৪ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	স্থিতি হ্রাস/বৃদ্ধি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (০৪টি)	২.৯২	৪.২০	১.২৮
বিশেষায়িত ব্যাংক (০৪টি)	৩.০১	৪.৬৪	১.৬৩
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৩০টি)	২৯৬.৯৩	২৬১.৪৮	(৩৫.৪৫)
বিদেশী ব্যাংক (০৯টি)	২.৯৩	৯৬.০৪	৯৩.১১
২০১৩ সালে তফসিলভুক্ত ব্যাংক (০৯টি)	০.০০১৩	১.৪৪	১.৪৪
সর্বমোট (৫৬টি ব্যাংক)	৩০৫.৭৯	৩৭০.৬৪	৬২.০১

বিশ্লেষণঃ স্কুল ব্যাংকিং এর আওতায় ডিসেম্বর ৩১, ২০১৩ তারিখ পর্যন্ত মোট ৫৬টি ব্যাংকের মধ্যে (নতুন ০৯টি তফসিলী ব্যাংকসহ) ৪৭টি ব্যাংকে মোট স্থিতি ছিল প্রায় ৩০৫.৭৯ কোটি টাকা। অন্যদিকে, মার্চ ৩১, ২০১৪ তারিখ পর্যন্ত ৪৮টি ব্যাংকে মোট স্থিতি ৬২.০১ কোটি টাকা বৃদ্ধি পেয়ে প্রায় ৩৭০.৬৪ কোটি টাকায় দাঁড়িয়েছে।

মার্চ ৩১, ২০১৪ ভিত্তিক হালনাগাদ হিসাবের ভিত্তিতে শীর্ষ ০৫ ব্যাংক ও হিসাবের সংখ্যাঃ

ক্রমিক নং	ব্যাংকের নাম	হিসাব সংখ্যা
১	উত্তরা ব্যাংক লিমিটেড	৪৭৪১৬
২	ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	৪৬৪৬০
৩	রাজশাহী কৃষ উন্নয়ন ব্যাংক	৪৬১৪৮
৪	অগ্রণী ব্যাংক লিমিটেড	৪৩২৯৪
৫	প্রাইম ব্যাংক লিমিটেড	২২৭০১

মার্চ ৩১, ২০১৪ ভিত্তিক হালনাগাদ স্থিতির ভিত্তিতে শীর্ষ ০৫ ব্যাংক ও স্থিতির তথ্যঃ

ক্রমিক নং	ব্যাংকের নাম	স্থিতি (কোটি টাকায়)
১	ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	১৩৩.৭৮
২	স্যোসাল ইসলামী ব্যাংক লিমিটেড	৪৪.৫৯
৩	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ	৪১.৫৫
৪	ইস্টার্ন ব্যাংক লিমিটেড	৩৪.০১
৫	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড	১৫.৯১

স্কুল ব্যাংকিং এ ব্যাংকসমূহের সার্বিক মূল্যায়ন :

স্কুল ব্যাংকিং এর আওতায় মার্চ ৩১, ২০১৪ তারিখে মোট ৪৮টি ব্যাংকের মাধ্যমে আঞ্চলিক পর্যায়ের তুলনায় শহর এলাকায় বেশী হিসাব খোলা হয়েছে। ব্যাংকসমূহে মোট ৩.৬৭ লক্ষ হিসাবের মধ্যে বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর হিসাব সংখ্যা প্রায় ২.৪৬ লক্ষ এবং মোট স্থিতি প্রায় ৩৭০.৬৪ কোটি টাকার মধ্যে ৩৫৭.৩২ কোটি টাকা যা অন্যান্য সকল শ্রেণীর ব্যাংকের তুলনায় সর্বোচ্চ স্থানে আছে। সুতরাং স্কুল ব্যাংকিং এর আওতায় বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর খোলা হিসাবের মোট স্থিতি ব্যাংকসমূহের মোট স্থিতির তুলনায় অত্যন্ত আশাব্যঞ্জক। এ ত্রৈমাসিকে প্রায় ৭০৪১টি স্কুল হতে ছাত্র-ছাত্রীদের ফি সংগ্রহ করা হয়েছে। চলতি ত্রৈমাসিকে ব্যাংকগুলো এসব হিসাবে প্রায় ৭৩ কোটি টাকা জমা হয়েছে এবং প্রায় ৪৭ কোটি টাকা হিসাবসমূহ হতে উত্তোলন করা হয়েছে যার মধ্যে এটিএম এর মাধ্যমে উত্তোলন করা হয়েছে প্রায় ৪.৫২ কোটি টাকা। ব্যাংকসমূহের মোট স্থিতির প্রায় ১.৮৭% স্কুল ব্যাংকিং হিসাবের মাধ্যমে জমা করা হয়েছে। মার্চ ৩১, ২০১৪ তারিখ পর্যন্ত উত্তরা ব্যাংক লিঃ সর্বোচ্চ ৪৭৪১৬টি হিসাব খুলেছে এবং ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড স্থিতির ভিত্তিতে শীর্ষে (প্রায় ১৩৩.৭৮কোটি টাকা) অবস্থান করছে।
